

— অধ্যক্ষকে দুই ছাত্রলীগ নেতার হুমকি — ছাত্র ভর্তি না করলে ঢাকা কলেজ 'তামা তামা' হবে

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ছাদশ শ্রেণীতে ছাত্র ভর্তি করাতে রাজী না হওয়ায় ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. আরোশা বেগমকে হুমকি দিয়েছেন কলেজের দুই ছাত্রলীগ নেতা। কলেজ শাখা ছাত্রলীগের বিদ্রোহ কমিটির দুই সহ-সভাপতি রাজীব ও সাগর সাহা গতকাল অধ্যক্ষকে হুমকি দিয়ে বলেছেন, তাদের কথামতো ছাত্র ভর্তি করা না হলে ঢাকা কলেজকে 'তামা তামা' করে দেওয়া হবে।

কলেজের একজন শিক্ষক সমকালকে বলেন, গত কয়েক বছর ধরে অন্য প্রতিষ্ঠান থেকে ছাত্রপত্র (টিসি) নিয়ে আসা ছাত্রদের ছাদশ শ্রেণীতে ভর্তি বন্ধ আছে। এইচএসসি পরীক্ষায় ভালো ফল নিশ্চিত করতে এ ব্যাপারে কড়া কড়াকড়ি আরোপ করা হয়েছে। কিন্তু এবার আসন খালি না থাকলেও ছাত্রলীগের বিদ্রোহ কমিটির সহ-সভাপতি রাজীব ও সাগর সাহা ছাদশ শ্রেণীতে ছাত্র ভর্তি করানোর জন্য কয়েকদিন ধরে অধ্যক্ষকে চাপ দিয়ে আসছেন। এ দাবিতে দুই দিন আগে কলেজ ক্যাম্পাসে বিক্ষোভও হয়েছে এই দু'জনের নেতৃত্বে। ছাত্র ভর্তি না করানোর বিষয়ে অনড় থাকায় গতকাল তারা কলেজের অধ্যক্ষকে হুমকি-ধমকি দেন।

একজন শিক্ষক জানান, ছাদশ শ্রেণীতে ছাত্র ভর্তি বন্ধ হয়ে যাওয়ায় ভর্তিবাণিজ্য করতে পারছে না ছাত্রলীগের নেতাকর্মীরা। ছাত্রপত্র নিয়ে ভর্তি শুরু হলে বাণিজ্য করতে পারবে— এ কারণে তারা কলেজ অধ্যক্ষকে চাপ দিয়ে ভর্তির ব্যবস্থা করাতে চাইছে।

ছাত্রলীগ সূত্র জানিয়েছে, ঢাকা কলেজ ছাত্রলীগের দুই স্ফূর্ণর গোলাগুলিতে ফার্স্ট নিহত হওয়ার ঘটনায় দায়ের করা মামলার আদালতি সাগর সাহা। এ ছাড়া ক্যাম্পাসে মাদক ব্যবসা, চান্দাবাজিসহ বিভিন্ন অভিযোগ রয়েছে এ দু'জনের বিরুদ্ধে।

অধ্যক্ষ আরোশা বেগম সমকালকে বলেন, বোর্ডের নিয়মানুসারে আসন খালি না থাকলে ছাদশ শ্রেণীতে ছাত্র ভর্তি করা হয় না। এবারও তার ব্যতিক্রম হবে না। কেউ তাকে ছাত্র ভর্তির জন্য হুমকি ও চাপ দিলে না উল্লেখ করলেও তিনি বলেন, আমি কোনো চাপের কাছে নতিস্বীকার ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

ছাত্র ভর্তি না করলে

[তৃতীয় পৃষ্ঠার পর]

করব না। তবে ছাত্রলীগ নেতা রাজীব দাবি করেন, তিনি এ ধরনের কোনো হুমকি দেননি। তিনি বলেন, 'কলেজের অধ্যক্ষের সঙ্গে ভর্তির বিষয়ে তার কোনো কথা হয়নি। তারা অধ্যক্ষের কাছে অনেকদিন ধরে যান না।' দুই দিন আগের মিছিলে উপস্থিত থাকার বিষয়টিও অস্বীকার করেন রাজীব।